

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
জে.এম.শাখা
www.coxsbazar.gov.bd


নম্বর -০৫.২০.২২০০.১২৩.১৪.০১৯.২০২৪-৬১৭

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক -৪ শাখার এর ২৫.০৮.২০২৪ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০৭৭. ২১.০২৫.২০২১.৩৩০ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হয়েছে। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানায় নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে / সনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করার অনুরোধসহ অস্ত্র / গোলাবারুদ থানায় জমা না দেয়া হলে অবৈধ অস্ত্র হিসাবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতিমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রয়োজ্য হবে না মর্মে উল্লেখ করা হয়েছে।

তৎপক্ষে জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, কক্সবাজার হতে ইস্যুকৃত বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত সময়ে (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদানকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্স স্থগিত করা হলো এবং ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে গোলাবারুদসহ আগ্নেয়াস্ত্র সংশ্লিষ্ট থানায় জমা দেয়ার জন্য বলা হলো। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 (Act XI of 1878) এবং আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর বিধান মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। গোলাবারুদসহ আগ্নেয়াস্ত্র জমা প্রদানের প্রমাণপত্র অস্ত্র কার্যালয়ের জে.এম শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



বিজয় কান্তি দাস

জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)

কক্সবাজার।

ফোন নং-০২৩৩৪৪৬২২০০

e-mail: dccoxsbazar@mopa.gov.bd

নম্বর -০৫.২০.২২০০.১২৩.১৪.০১৯.২০২৪-৬১৭

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

০৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, কক্সবাজার

০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার।


০৬। উপজেলা নির্বাহী অফিসার, -----(সকল) কক্সবাজার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৭। অফিসার ইনচার্জ, -----(সকল) থানা, কক্সবাজার (উপরিউক্ত আদেশের আলোকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণসহ আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমার প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

০৮। জেলা তথ্য অফিসার, কক্সবাজার (বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে জন্মনির্ভিত্তিতে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৯। সভাপতি / সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, কক্সবাজার।

১০। অফিস কপি



জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)

কক্সবাজার